# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ব্যক্তির জন্য হালাল পন্থায় উপার্জিত সম্পদ জমা করা জায়েয, যখন সে সম্পদে আল্লাহর হক আদায় করবে

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ إِبَاحَةِ جَمْعِ الْمَالِ مِنْ حِلِّهِ إِذَا أَدَّى حَقَّ اللَّهِ مِنْهُ

আরবী

3201 – أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ مُوسَى بْنِ عَلِيٍّ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ عَمْرو بْنِ الْعَاصِ يَقُولُ: قَالَ: رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَا عَمْرُو اشْدُدْ عَلَيْكَ سِلَاحَكَ وَثِيَابَكَ) قَالَ: فَفَعَلْتُ ثُمَّ أَتَيْتُه فَوَجَدْتُهُ يَتَوَضَّأُ فَرَفَعَ رَأْسَهُ فَصَعَّدَ فيَّ النَّظَرَ وصوَّبَه قَالَ: (يَا عَمْرُو إِنِّي أُرِيدُ أَنْ أَبْعَثَكَ وَجْهًا فَيُسَلِّمُكَ اللَّهُ وَيُغْنِمَكَ وأَزْعَبُ لَكَ مِنَ الْمَالِ زَعْبَةً صَالِحَةً) قَالَ: قُلْتُ: يارسول اللَّهِ لَمْ أُسْلِمْ رَغْبَةً فِي الْمَالِ إِنَّمَا أَسْلَمْتُ رَغْبَةً فِي الْجِهَادِ وَالْكَيْنُونَةِ مَعَكَ قَالَ: (يَا عَمْرُو نعمَّا بِالْمَالِ الصَّالِحِ مَعَ الرَّجُلِ الصالح)

الراوي : عَمْرو بْن الْعَاصِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3201 | خلاصة حكم المحدث: صحيح ـ ((المشكاة)) (3756 / التحقيق الثاني)

বাংলা

৩২০১. আমর বিন আস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “হে আমর, তোমার অস্ত্র-সস্ত্র ও কাপড়-চোপড় বেধে নাও।” রাবী বলেন, “আমি তাই করলাম। তারপর আমি তাঁর কাছে এসে দেখতে পেলাম। তিনি তাঁর মাথা উঠিয়ে উপরে তাকালেন তারপর দৃষ্টি নিচু করে বলেন, “হে আমর, আমি তোমাকে এক দিকে সেনাভিযানে পাঠাবো। অতঃপর আল্লাহ তোমাকে নিরাপদ রাখবেন এবং গানীমত দান করবেন। আমি তোমাকে সেই সম্পদ থেকে ন্যায়সঙ্গত একটা অংশ দিবো।” তিনি বলেন, “আমি বললাম, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমি সম্পদের আশায় ইসলাম গ্রহণ করি নাই। আমি ইসলাম গ্রহণ করেছি জিহাদ করার জন্য এবং আপনার সাথে থাকার জন্য। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

বলেন, “হে আমর, সৎ ব্যক্তির কাছে সৎ (উপার্জনের) সম্পদ কতইনা উৎকৃষ্ট সম্পদ।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৯৭; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২৯৯; হাকিম: ২/২৩৬; বাগাবী: ২৪৯৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ৩৭৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92531

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন